পাঠ নির্দেশনা: একাদশ সমাপনী
বাংলা প্রথম মান: ৫০ (সৃজনশীল ৩০ বহুনির্বাচনি ২০ )

প্রিয় শিক্ষার্থী সকল। তোমরা কেমন আছো ? কে কোথায় আছো নিশ্চয় বাসায় আছো এখন ঘরেই আমাদের থাকতে হবে। আমরা এক কঠিন কাল অতিক্রম করছি তারপরও জীবনের গতিপথ থেমে থাকে না আর তাই আমরা আমাদের শিক্ষার শিখন ফল জানতে সচেষ্ট থাকবো।

শিখন ফল #জ্ঞানমূলক,
#অনুধাবন,
#প্রয়োগ, ও
#উচ্চতর দক্ষতা

তোমরা যে অধ্যায়গুলো বেশি করে পড়বে সে অধ্যায়সমূহ

#গদ্য
আমার পথ (প্রবন্ধ)
জীবন ও বৃক্ষ ( প্রবন্ধ)
মাসি-পিসি (গল্প)
বায়ান্নর দিনগুলো ( অসমাপ্ত আত্মজীবনী`র অংশ বিশেষ)

#কবিতা
তাহারেই পড়ে মনে
সেই অস্ত্র
আঠারো বছর বয়স
ফেব্রুয়ারি ১৯৬৯

#উপন্যাস লালসালু
#নাটক সিরাজউদ্দৌলা

@ আমরা কিভাবে প্রস্তুতি নেবো :

#যখন একটি অধ্যায় পাঠ করবো তখন জানবো:

#রচনার উৎস
#রচয়িতার পরিচয়
#পাঠ পর্যালোচনা
#পাঠ বিশ্লেষণ : গুরুত্বপূর্ণ অংশ
#পাঠ পরিচিতি
#নামকরণ
#নামকরণের ক্ষেত্রে বিবেচ্য
#নামকরণের সার্থকতার বিচার
#রচনাকৌশল ও আঙ্গিক বিচার
#জটিল শব্দসমূহের অর্থ ও বানান অনুশীলন

এখন আমরা জানবো প্রশ্নের কাঠামো কোন ধরণের হবে?
# সৃজনশীল মান ৩০

গদ্য থেকে ২ টি উদ্দীপক থাকবে ১ টি উত্তর করবে
কবিতা থেকে ২ টি উদ্দীপক থাকবে ১ টি উত্তর করবে
উপন্যাস ও নাটক থেকে ২ টি উদ্দীপক থাকবে যে কোন ১ টি উত্তর করবে

বি:দ্র: প্রতিটি উদ্দীপকের মান ১০ : জ্ঞান ১ , অনধাবন ২ , প্রয়োগ ৩, উচ্চতর দক্ষতা ৪

বহুনির্বাচনির প্রস্তুতি কিভাবে গ্রহণ করতে পারি সে বিষয়ে জানবো:

#প্রতিটি অধ্যায় এর পাঁচটা অংশ আছে

#এক লেখক বা কবি পরিচিতি
#দুই মূল পাঠ : গদ্য ( গল্প বা প্রবন্ধ ) / কবিতা/ উপন্যাস/ নাটক
#তিন পাঠ পরিচিতি
#চার শব্দার্থ
#পাঁচ নমুনা প্রশ্ন যেখানে উদ্দীপক দেয়া আছে

প্রিয় শিক্ষার্থী লেখক পরিচিতিতে #লেখকের জন্ম মৃত্যু #মা বাবার নাম #শিক্ষা গ্রহণের কাল #গ্রন্থ প্রকাশনার কাল #মোট কয়টি গ্রন্থ আছে #কোন কোন পুরস্কারে ভূষিত হয়েছেন এসব জানতে পারবে এবং জেনে রাখতে হবে।

#মূলপাঠ ভাল করে পড়ে গুরুত্বপূর্ণ চরণ বা বাক্য মনে রাখবে কমপক্ষে পাঁচবার পড়বে মনযোগ সহকারে

#পাঠ পরিচিতি মূলত অধ্যায়টির সার কথা পারলে মুখস্থ করার চেষ্টা করবে।

#শব্দার্থ অংশে শব্দার্থ সমূহ জ্ঞান মূলক প্রশ্নের জন্য ভীষণ জরুরি

#নমুনা প্রশ্ন ভাল করে খেয়াল করলে প্রশ্নপত্র কোন ধরণের হয় উদ্দীপকগুলো কেমন হয় বুঝতে পারবে ।

*** মনে রাখবে == " পড়ার কোন বিকল্প নেই পড়া আর পড়াই হল জীবন সাজানোর উপকরণ"

#মুহাম্মদ_রুহুল_কাদের
সহকারী অধ্যাপক
বাংলা বিভাগ
বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম
০১৭১২ ৬১৮১৬৯

#প্রয়োজনে যোগাযোগ করবে #বাংলা বিষয়ে #সরল #জটিল যে কোন ধরণের জিজ্ঞাসা থাকলে ফোন করেও জেনে নি তে পারবে।